

## হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট

- রূপকল্প (Vision) : হিন্দু সম্প্রদায়ের ধর্মীয় কল্যাণ সাধন ও সাম্প্রদায়িক সম্প্রীতির উন্নয়ন।
- অভিলক্ষ্য (Mission) : হিন্দু ধর্মাবলম্বীদের সার্বিক কল্যাণ সাধনে হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানাদি পরিচালনা, সংস্কার, উন্নয়ন ও সম্প্রসারণে সহায়তা প্রদান এবং হিন্দু ধর্মের ইতিহাস, দর্শন ও সংস্কৃতি সম্পর্ক গবেষণা কার্যক্রম পরিচালনা এবং ধর্মীয় সংস্কৃতির প্রসার।
- ২০১৬-১৭ অর্থবছরে সম্পাদিত কার্যাবলি (Functions):

হিন্দুধর্মীয় প্রতিষ্ঠান সংস্কার ও অবকাঠামোগত উন্নয়নে আর্থিক সহায়তা প্রদান করাই হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের প্রধান কাজ। ২০১৬-১৭ অর্থবছরে ট্রাস্ট তহবিল থেকে ১০০৫টি হিন্দুধর্মীয় প্রতিষ্ঠানে ৯২ লক্ষ টাকা এবং ৪৮৬ জন দুঃস্থ ব্যক্তিকে ২০.৬০ লক্ষ টাকা প্রদান করা হয়। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে প্রাপ্ত ১,৫০.০০,০০০/=টাকা দেশের প্রায় ৮,০০০/= পূজা মন্ডপে প্রদান করা হয়।

ট্রাস্টের সীমিত অর্থ দিয়ে ট্রাস্ট তার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে গিয়ে বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে। বিষয়টি মাননীয় অর্থ মন্ত্রীর গোচরীভূত করার জন্য গত ২২.০৯.২০১৬ তারিখে সম্মানিত ট্রাস্টিগণ বৈঠক করেন।



মাননীয় অর্থমন্ত্রীকে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন সম্মানিত ট্রাস্টিবৃন্দ।

- হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট বিভিন্ন জাতীয় দিবস ও হিন্দুধর্মীয় পর্ব উপলক্ষে আলোচনা ও বিশেষ প্রার্থনার আয়োজন করে থাকে।



১৫ আগস্ট ২০১৬ শোক দিবস উপলক্ষে ট্রাস্টের ভাইস-চেয়ারম্যান  
বিচারপতি গৌর গোপাল সাহার নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা হয়।



শুভজন্মাষ্টমী উপলক্ষে ট্রাস্ট কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখছেন সম্মানিত ট্রাস্টি বীর মুক্তিযোদ্ধা আশালতা বৈদ্য



মহান বিজয় দিবস উপলক্ষে ট্রাস্ট কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে বক্ত রাখছেন জাতীয় হিন্দু সমাজ সংস্কার সমিতির সভাপতি।

➤ মহামান্য রাষ্ট্রপতির সঙ্গে শুভেচ্ছা বিনিময়:

হিন্দুধর্মীয় পর্ব শুভ জন্মাষ্টমী এবং বিজয়াদশমীতে মহামান্য রাষ্ট্রপতি ঢাকাস্থ বিশিষ্ট হিন্দু ব্যক্তিবর্গের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করে থাকেন। হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট এই অনুষ্ঠানটির সাথে ওতোপ্রতভাবে জড়িত। এরই ধারাবাহিকতায় গত ২৫.০৮.২০১৬ ও ১১.১০.২০১৬ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সঙ্গে হিন্দুধর্মীয় বিশিষ্ট ব্যক্তিবর্গের শুভেচ্ছা বিনিময় হয়।



হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের টাস্টিগণের পক্ষ থেকে মহামান্য রাষ্ট্রপতিকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হচ্ছে।



হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তুবায়নাধীন মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক প্রকল্পের মাধ্যমে ২০১৬-১৭ অর্থবছরে শিশুদের প্রাক-প্রাথমিক ও নৈতিকতা বিষয়ে শিক্ষা প্রদানের লক্ষ্যে ৫৫০০টি মন্দিরে শিশু শিক্ষাকেন্দ্র স্থাপনের মাধ্যমে ১৬৫,০০০জন শিশুকে শিক্ষা প্রদান করেছে এবং তাদের মধ্যে বিনামূল্যে ৪,৯৫,০০০টি বই ও ৩,৩০,০০০টি খাতা এবং পেন্সিল সরবরাহ করা হয়েছে। অনুরূপভাবে ২৫০টি মন্দিরে বয়স্ক শিক্ষাকেন্দ্র স্থাপনের মাধ্যমে ৬২৫০জন নিরক্ষর ব্যক্তিকে অক্ষরজ্ঞান সম্পন্ন করে গড়ে তোলা হয়েছে।



মন্দিরভিত্তিক শিশু শিক্ষাকেন্দ্রের একটি চিত্র।

হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট “ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে সেবাহিত ও পুরোহিতের দক্ষতাবৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্পের মাধ্যমে ২০১৬-১৭ অর্থবছরে ১১,১২৫জন সেবাহিত ও পুরোহিতকে সামাজিক মূল্যবোধ, বাল্যবিবাহ নিরোধ ও যৌতুক প্রতিরোধ, গবাদি পশু পালন, বৃক্ষরোপন, খাদ্য ও পুষ্টি এবং হিন্দু আইন ও পূজা পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



সেবাহিত ও পুরোহিতদের প্রশিক্ষণের শুভ উদ্বোধন করছেন কুমিল্লা জেলার দায়িত্বপ্রাপ্ত ট্রাস্টি।

তথ্য অধিকার আইন অনুযায়ী হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের তথ্য প্রদানকারী কর্মকর্তা হলেন -

শ্রী প্রশান্ত কুমার বিশ্বাস

ফিল্ড অফিসার, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট

১/আই পরিবাগ, শাহবাগ, ঢাকা-১০০০

ফোন:৯৬৬৮০৪৫, ৫৫০৭৬৪০৯, মোবাইল: ০১৭১৬৫০২১৫৯

২০১৬-১৭ অর্থবছরে ০১(এক) জনকে তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রদান করা হয়েছে।